

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ প্রশিক্ষণ কেন্দ্র

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), প্রশিক্ষণ কেন্দ্র

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.২২৯.০৮.০৬৭০.১৯ নথির বিষয়: “VAT-Tax”-বিষয়ক প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত নথি।

নোট: ১ নোটের বিষয়: “VAT-Tax”-বিষয়ে ৪টি প্রশিক্ষণ আয়োজন এসজে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৪/৮/২৬ ৪:১০ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৬-২৭ অর্থবছরের জন্য প্রণীত ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ পরিকল্পনায় “VAT-Tax”-বিষয়ক প্রশিক্ষণ অন্তর্ভুক্ত রয়েছে। সরকারীভাবে প্রতি অর্থবছরের শুরুতে “অর্থ আইন” প্রণয়নের মাধ্যমে ভ্যাট-ট্যাক্স সংক্রান্ত আইন-কানুনে পরিবর্তন আনা হয়। দাপ্তরিক ক্রয় কাজের প্রাক্কলন প্রস্তুতের সময় ও হিসাব বিভাগ কর্তৃক বিল পরিশোধের ক্ষেত্রে প্রচলিত ও পরিবর্তিত ভ্যাট ও ট্যাক্স এর হার সঠিকভাবে হিসাব করা এবং ভ্যাট ও ট্যাক্স সংক্রান্ত প্রচলিত ও পরিবর্তিত আইন-কানুন ও বিধিবিধান সম্পর্কে সম্যক ধারণা প্রদানের জন্য ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক “VAT-Tax”-বিষয়ে ০৪টি প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। উক্ত ০৪টি প্রশিক্ষণ যথাক্রমে ০১, ০২, ০৩ এবং ০৬ সেপ্টেম্বর ২০২৬ তারিখ অথবা সুবিধাজনক সময়ে প্রত্যেক সপ্তাহ ০৯.০০ টা হতে বিকাল ০৪.০০ পর্যন্ত সময়ে ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজন করা যেতে পারে। উক্ত ৪টি প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রতি ব্যাচে ২২ (বাইশ) জন হিসেবে মোট ৮৮ (আটটিশ) জন সম্ভাব্য অংশগ্রহনকারীর তালিকা (সংযুক্তি-১) এবং প্রস্তুতকৃত খসড়া কর্মসূচী (সংযুক্তি-২) সদয় হয়ে দেখা যেতে পারে। প্রস্তুতকৃত তালিকায় উল্লিখিত কোন প্রশিক্ষণার্থীকে যৌক্তিক কোন কারণে পরিবর্তনের প্রয়োজন হলে অথবা কোন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণে অংশগ্রহণে অপারগ হলে সমপর্যায়ের অন্য কর্মকর্তাকে আমন্ত্রণ জানানো হবে।

সংযুক্তিসমূহ (২):

১। PPS List.pdf

২। Programme Update.pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৪/৮/২৬ ৪:১১ অপরাহ্ন

৮৮ (আটটিশ) জনের জন্য দিনব্যাপী উক্ত ০৪ টি প্রশিক্ষণ সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ



(ক) বক্তার সম্মানী	৯১,২০০/-	(৩ সেশন ৩,৬০০/- টাকা হারে+৪ সেশন ৩,০০০/- টাকা হারে)×৪ ব্যাচ
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	৭০,৪০০/-	০৪ ব্যাচের ৮৮ জন ৮০০/- হারে ১ দিন
(গ) কোর্স পরিচালকের সম্মানী	৮,০০০/-	(২,০০০/- টাকা হারে ১ দিন)×৪ ব্যাচ
(ঘ) কোর্স সমন্বয়কের সম্মানী	৬,০০০/-	(১,৫০০/- টাকা হারে ১ দিন)×৪ ব্যাচ
(ঙ) সহায়ক স্টাফের সম্মানী	৮,০০০/-	(২ জন ১,০০০/- টাকা হারে ১ দিন)×৪ ব্যাচ
(চ) দুপুরের খাবার ও ২ বেলা চা নাস্তা	৬৯,৬০০/-	(বক্তা সাপোর্টিং স্টাফসহ ৩০ জন ৫৮০/- টাকা হারে ১ দিন)×৪ ব্যাচ
(ছ) পানি	৩,৩৬০/-	(আধা লিটার ৭ কেস ১২০/- টাকা হারে ১ দিন)×৪ ব্যাচ
(জ) পাটের ব্যাগ, নোটবুক ও কলম	৩৯,৬০০/-	০৪ ব্যাচের ৮৮ সেট ৪৫০/- টাকা হারে
(ঝ) ভ্যাট-ট্যাক্স আইন সংক্রান্ত বই, ফটোকপি ও বিবিধ	২০,০০০/-	আনুমানিক লামসাম
সর্বমোট	=৩,১৬,১৬০ /-	(কথায়ঃ টাকা তিন লক্ষ ষোল হাজার একশত ষাট মাত্র)

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৪/৮/২৬ ৪:১১ অপরাহ্ন

এমতাবস্থায়, সংযুক্ত তালিকায় উল্লিখিত ৪টি প্রশিক্ষণের প্রতি ব্যাচে ২২ (বাইশ) জন হিসেবে মোট ৮৮ (আটটিশ) জন অংশগ্রহনকারীর মনোনয়ন, ভ্যাট-ট্যাক্স বিষয়ক প্রশিক্ষণের কর্মসূচী এবং প্রশিক্ষণ আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =৩,১৬,১৬০/- (টাকা তিন লক্ষ ষোল হাজার একশত ষাট মাত্র) ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম

হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশী হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। প্রশিক্ষণ সমাপ্তির পর সমুদয় ব্যয়ের অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য সনিয়ে পেশ করা হ'ল।

 ২৪/৮/২৬ ৪:১১ অপরাহ্ন মোঃ খায়রুল বাশার উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব) প্রশিক্ষণ কেন্দ্র	 ২৪/৮/২৬ ৪:১৩ অপরাহ্ন মোঃ ওয়াজ উদ্দীন প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) প্রশিক্ষণ কেন্দ্র	 ২৫/৮/২৬ ১০:৪৯ পূর্বাহ্ন এ.কে.এ.এম. ফজলুল হক উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর	 ১০/৯/২৬ ৪:০৫ অপরাহ্ন ড. মুহা. মনিরুজ্জামান ব্যবস্থাপনা পরিচালক ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর
		 ১০/৯/২৬ ৫:৫৮ অপরাহ্ন এ.কে.এ.এম. ফজলুল হক উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর	 ১৩/৯/২৬ ১১:২০ পূর্বাহ্ন মোঃ ওয়াজ উদ্দীন প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) প্রশিক্ষণ কেন্দ্র
			 ১৩/৯/২৬ ১১:৪২ পূর্বাহ্ন মোঃ খায়রুল বাশার উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব) প্রশিক্ষণ কেন্দ্র